ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-২৮২৭</u>

আগরতলা,১১ সেপ্টেম্বর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''মানিকপুরে ম্যালেরিয়ায় মৃত পাঁচ বছরের শিশু,'' এই শিরোনামে ত্রিপুরা দর্পণ পত্রিকায় গত ১০ সেপ্টেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, উক্ত রোগীকে প্রচন্ড জ্বর, শ্বাসকষ্ট এবং সর্দি-কাশির উপসর্গ নিয়ে গত ৭ সেপ্টেম্বর, ২০২৫ মাণিকপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়। র‍্যাপিড ডায়াগনস্টিক টেস্ট কিট এর মাধ্যমে রোগীর পিভি ম্যালেরিয়া শনাক্ত করা হয় এবং সেই অনুযায়ী চিকিৎসা শুরু করা হয়। তবে, তার শারীরিক অবস্থার উন্নতি হয়নি। রোগীর পিভি ম্যালেরিয়া নিশ্চিতকরণের জন্য রোগীর ব্লাড স্লাইড সংগ্রহ করা হয়, কিন্তু তার শরীরে ম্যালেরিয়া প্যারাসাইট পাওয়া যায়নি। এরপর রোগীর নিউমোনিয়া ও শ্বাসতন্ত্রজনিত রোগের চিকিৎসা অব্যাহত রাখা হয়। রোগীর শারীরিক অবস্থার অবনতি ঘটায়, তাকে ছৈলেংটা মহকুমা হালপাতালে রেফার করা হয় এবং পরবর্তীতে উন্নত চিকিৎসার জন্য কুলাইস্থিত জেলা হাসপাতালে রেফার করা হয়।

কুলাইস্থিত জেলা হাসপাতালে রোগীর সিভিয়ার নিউমোনিয়া ও শ্বাসতন্ত্রজনিত রোগ নির্ণয় করা হয় এবং সেই অনুযায়ী চিকিৎসা শুরু করা হয়। চিকিৎসকদের সর্বোচ্চ প্রচেষ্টা সত্ত্বেও, রোগী গত ৯ সেপ্টেম্বর, ২০২৫ ভোর ৪টা ১০ মিনিট নাগাদ মৃত্যুবরণ করেন।

মানিকপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীনে ম্যালেরিয়া প্রতিরোধ ও নিয়ন্ত্রণে সিএইচও, এমপিডব্লিউ ও এএনএম-দের মাধ্যমে নিয়মিত স্বাস্থ্য শিবির ও বাড়ি বাড়ি গিয়ে পরিদর্শন করে সময়মতো রোগ নির্ণয় ও সম্পূর্ণ চিকিৎসা নিশ্চিত করা হচ্ছে। মশার প্রজনন প্রতিরোধ ও ম্যালেরিয়া সংক্রমণ হ্রাসের জন্য ইনডোর রেসিডুয়াল স্প্রে কার্যক্রম এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত প্রচারমূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে।

*****